



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২৪.১৪- ৩৫৬৪

তারিখঃ ২০/৩/২০১৬ খ্রি:।

বিষয় : বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট (লোনাপানি কেন্দ্র), পাইকগাছা, খুলনায় ৩ (তিন) দিন ব্যাপী “মৎস্য ও কাঁকড়া চাষ ব্যবস্থাপনা” বিষয়ক মোট ৫(পাঁচ) টি প্রশিক্ষণ কোর্সের সময়সূচী নির্ধারণ এবং প্রতিটি ব্যাচে অংশগ্রহনকারী সুফলভোগী প্রশিক্ষণার্থীদের মনোনয়ন পূর্বক তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পভুক্ত খুলনা জেলার পাইকগাছা এবং কয়রা উপজেলার মহিলা সমিতির সদস্যদের “মৎস্য ও কাঁকড়া চাষ ব্যবস্থাপনা” বিষয়ক প্রতি ব্যাচে ৩০(ত্রিশ) জন করে ৩ (তিন) দিন মেয়াদী ৩০x৫=১৫০ (একশত পঞ্চাশ) জনের ৫ টি ব্যাচের প্রশিক্ষণ বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট (লোনাপানি কেন্দ্র), পাইকগাছা, খুলনায় অনুষ্ঠিত হবে। বর্ণিত প্রশিক্ষণের সময়সূচী নির্ধারণ করে প্রতি ব্যাচের প্রশিক্ষণার্থীদের মনোনয়ন পূর্বক তালিকা বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউটে (লোনাপানি কেন্দ্র) প্রেরণ সহ তালিকার অনুলিপি অত্র দপ্তরে পাঠাতে বলা হলো। উল্লেখ্য যে, ০৩ (তিন) দিনব্যাপী উক্ত প্রশিক্ষণের সময়সূচী বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট (লোনাপানি কেন্দ্র), পাইকগাছা, খুলনার সঙ্গে যোগাযোগ করে নির্ধারণ করতে হবে।

২। একই সদস্য একাধিক আইজিএ প্রশিক্ষণের সুযোগ যাতে না পায় সে বিষয়টি লক্ষ্য রাখতে হবে। প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে দরিদ্র, শিক্ষিত, উদ্যমী, উদ্যোগী ও কর্মঠ সদস্যদের অগ্রাধিকার দিতে হবে। প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রক্রিয়ায় সমিতির ব্যবস্থাপনা কমিটির যথাযথ ভূমিকা থাকতে হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণের সকল বিল ভাউচারের মূল কপি এবং প্রশিক্ষণের স্থির চিত্র বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট লোনাপানি কেন্দ্র (পাইকগাছা), খুলনা থেকে সংগ্রহপূর্বক প্রকল্প সদর দপ্তর ঢাকায় প্রেরণ করতে হবে।

  
(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা: পাইকগাছা/কয়রা, জেলা:খুলনা।

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) উপজেলা: পাইকগাছা/কয়রা, জেলা:খুলনা।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।(ওয়েব সাইট এ প্রকাশের জন্য)।
৩. উপপরিচালক, বিআরডিবি, খুলনা।
৪. মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, লোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনায়।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।( মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি/ গার্ড ফাইল।